

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

নিউ ইয়র্কের ডাবল জেপার্ডি লুপহোল (DOUBLE JEOPARDY LOOPHOLE) বন্ধ করে গভর্নর কুওমো আইনে স্বাক্ষর করেছেন, যা কোনো প্রেসিডেন্ট কর্তৃক ক্ষমাপ্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে আইনী ব্যবস্থা নিয়ে স্টেটকে কর্তৃত্ব প্রদান করে

লুপহোল (Loophole) একই অপরাধে স্টেট পর্যায়ে কোনো ব্যক্তির বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করা থেকে অব্যাহতি দেয়

কুওমো: "কেউ আইনের উল্লেখ নয় এবং অপরাধের প্রতি নিউ ইয়র্ক কখনোই চোখ বুঝে থাকবে না, তা তাদেরকে যেই বাঁচাতে চাক না কেন।"

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে তিনি নিউ ইয়র্কের ডাবল জেপার্ডির আইনী ফাঁক বন্ধ করার উদ্দেশ্যে তিনি আইনে (S.4572/A.6653) স্বাক্ষর করেছেন যা একই অপরাধের জন্য স্টেট পর্যায়ে কোনো প্রেসিডেন্ট কর্তৃক ক্ষমাপ্রাপ্ত ব্যক্তিকে সুরক্ষা দেয়। একজন অ্যাটর্নি জেনারেলের কর্মসূচি আইন হিসেবে থাকা গুরুত্বপূর্ণ এই মুখ্য সংস্কারটি নিউ ইয়র্ক প্রসিকিউটরদের যেখানে তাদের এখতিয়ার রয়েছে সেখানে ফৌজদারী কাজকর্ম অন্বেষণ করার ক্ষমতা দেয়।

"কেউ আইনের উল্লেখ নয় এবং অপরাধের প্রতি নিউ ইয়র্ক কখনোই চোখ বুঝে থাকবে না, তা তাদেরকে যেই বাঁচাতে চাক না কেন", **গভর্নর কুওমো বলেন।** "পলায়নের এই কুখ্যাত পথটিকে বন্ধ করার মাধ্যমে ক্ষমতার যেকোনো অপব্যবহারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে আইনজীবীদের সাহায্য করবে, এবং রাজনৈতিকভাবে অনুপ্রাণিত, ধান্দাবাজ পদক্ষেপ আইনের আওতায় অনুমোদিত হবে না তা নিশ্চিত করবে। আমি অ্যাটর্নি জেনারেলকে ধন্যবাদ জানাই এই বহুল প্রয়োজনীয় সংস্কারের কাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য এবং এটিতে স্বাক্ষর প্রদান করে আইনে পরিণত করার মাধ্যমে আমরা একটি শক্তিশালী, আরো বেশি ন্যায্য এবং আরো সুবিচারপূর্ণ এমপায়ার স্টেটের দিকে আরেকটি পদক্ষেপ গ্রহণ করছি।"

"আমাদের একটি দায়িত্ব রয়েছে নিউ ইয়র্ক স্টেটের আইনের অধীনে যারা অপরাধ করবে সেই অপরাধীদের সেই সকল অপরাধের জন্য দোষী সাব্যস্ত করার", **অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস বলেছেন।** "এই অত্যন্ত গুরুত্বপূর্ণ নতুন আইনটি আইনের একটি ফাঁকফোকর বন্ধ করেছে যেটি তার পারিবারিক সদস্য কিংবা ঘনিষ্ঠ সহযোগীর অপরাধ মওকুফ করে এবং হয়ত সেই ব্যক্তিকে মোটের উপর বিচার এড়িয়ে যাওয়ার সুযোগ প্রদানের মাধ্যমে যেকোনো প্রেসিডেন্টকে অন্যায়ভাবে প্রেসিডেন্সিয়াল শাস্তি মওকুফের ক্ষমতার অপব্যবহার করতে সক্ষম করতো। কেউই আইনের উল্লেখ

নয়, এবং এই সাধারণ জ্ঞান পদক্ষেপটি বর্তমানের এবং ভবিষ্যতের সকল প্রেসিডেন্টের উপরে একটি যুক্তিসঙ্গত এবং প্রয়োজনীয় প্রতিবন্ধকের ব্যবস্থা করবে।"

বিধিবদ্ধ এই আইনটির পরিবর্তন অবিলম্বে কার্যকর হবে এবং ভবিষ্যৎ ও অতীতের অপরাধের ক্ষেত্রে প্রযোজ্য হবে, এই শর্তে যে ব্যক্তিকে ইতোমধ্যে বিচারের আওতায় আনা হয়নি বা আত্মপক্ষসমর্থনের কৈফিয়তে অংশগ্রহণ করেনি।

দূনীতি বিষয়ক প্রাক্তন আইনজীবী, সিনেটর টড কামিনস্কি বলেন, "দূনীতির সাহায্যে তার বন্ধুবান্ধব এবং সহযোগীদের গা বাঁচাতে প্রেসিডেন্ট শপথ ব্যতীত আর সবই করেছেন, এমন অবস্থায় নিউ ইয়র্কের আইনের শাসন রক্ষায় ডাবল জেপার্ডি লুপহোল বন্ধ করে দেয়া আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই গুরুত্বপূর্ণ বিষয়ে তার অসাধারণ নেতৃত্বের জন্য আমি অ্যাটর্নি জেনারেল জেমসকে ধন্যবাদ জানাই এবং নিউ ইয়র্কবাসীর ন্যায়বিচারের অন্বেষণ সুরক্ষিত করার উদ্দেশ্যে এই পদক্ষেপে স্বাক্ষর করার জন্য গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।"

পরিষদ সদস্য জোসেফ লেন্টল বলেন, "এই আইনটি বিচার কার্যকে ব্যহত করতে চাওয়া যেকোনো ফন্দির প্রণোদনার টুটি চেপে ধরে। কংগ্রেস শাস্তি মওকুফের সমস্যার মোকাবেলা করতে ব্যর্থ; যে কারণে, স্টেটকে অবশ্যই প্রতিক্রিয়া জনাতে হবে। এই আইনের স্বাক্ষরের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই কারণ এটি স্পষ্ট বার্তা পাঠায় যে কেউই বিচারের আওতার বাইরে না যায়।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)